



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- ৫/কল/দিন/২৭৩৮/৮০০৯

তারিখ: ২৬/১০/২০২৫

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে “যুক্তিবিদ্যা” বিষয় খোলার অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৭২.২৩.২০২৫-২৭৫ তারিখ: ১২/১০/২০২৫ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মতিক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার কলেজে নিম্নবর্ণিত শর্তে উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষাক্রম কাঠামোর শাখাভিত্তিক ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ হতে “যুক্তিবিদ্যা” বিষয় খোলার অনুমোদন প্রদান করা হলো।

শর্ত সমূহ :

- ১) সংশ্লিষ্ট বিষয়গুলোতে কোন শিক্ষক কর্মরত না থাকায় কলেজ কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) শিক্ষক নিয়োগের সুপারিশ করবেন।
- ২) শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ৩) আগামী ০১ বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৪) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোনো শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হবে না;
- ৫) কলেজের কোনো শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৬) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৭) সরকার প্রয়োজন মনে করলে যে কোনো সময় যে কোনো শর্ত আরোপ করতে পারবে;
- ৮) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৯) কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

অধ্যক্ষ,

সোনাহার মহাবিদ্যালয়

ডাকঘর : সোনাহার, উপজেলা : দেবীগঞ্জ,

জেলা : পঞ্চগড়।

স্বাক্ষর:

মোঃ আবু সায়েম

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

স্মারক নং- ৫/কল/দিন/২৭৩৮/৮০০৯

তারিখ: ২৬/১০/২০২৫

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ৬। জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়।
- ৭। ওয়েব সাইট কপি।
- ৮। অফিস কপি।

স্বাক্ষর

মোঃ আবু সায়েম

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।